

পিএস এর বাবার মৃত্যুতে নৌপরিবহন প্রতিমন্ত্রী ও সচিবের শোক প্রকাশ

ঢাকা, ১৭ ডিসেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি.র একান্ত (পিএস) সচিব মোঃ আবরাউল হাছান মজুমদারের বাবা কবির আহমদ মজুমদারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী।

প্রতিমন্ত্রী আজ এক শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

নৌপরিবহন সচিবের শোক প্রকাশ

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মো. মোস্তফা কামাল পৃথক শোকবার্তায় অনুরূপ শোক প্রকাশ করেছেন।

উল্লেখ্য, জনাব কবির আহমদ মজুমদার গতরাত ১২.৩০ মিনিটে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসারত অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে বার্ষিক্যজনিত বিভিন্ন জটিলতায় ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর। আজ ১৭ ডিসেম্বর বাদ জোহর দুপুর ২ ঘটিকায় মরহুমের জানাজা উনার নিজ বাড়ি ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে।



মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪